

রঞ্জাল পাওয়ার কোম্পানী লিঃ  
বাড়ি#১৯, রোড #১/বি  
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

## বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের আগস্ট , ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৮.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রঞ্জাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের আগস্ট , ২০১৮ মাসের মাসিক সভা ৩০/০৮/২০১৮ ইং তারিখ রোজ বৃহৎপ্রতিবার বেলা ৯.৩০ ঘটকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মো: সেলিম ভুঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

ক্রঠনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার উপর আলোচনা	মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক আরপিসিএল এর ২০১৮- ১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নতুন অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাদের আরও সক্রিয় ভূমিকা পালনের পাশাপাশি অন্যন্য কর্মকর্তাদের ইনোভেশন বিষয়ে আরও উদ্বৃদ্ধকরণ ও প্রয়োজনীয় ডকুমেন্ট প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল
২	আইডিয়া বাছাইকরণ	আরপিসিএল এর কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত ৬৫ টি আইডিয়াসমূহ হতে ১০ টি আইডিয়া বাছাই করার লক্ষ্যে গঠিত সাব- কমিটি আইডিয়াসমূহ বিশদভাবে পর্যালোচনা করে ১২ টি আইডিয়া ইনোভেশন অফিসার এর নিকট জমা প্রদান করেন। সভায় উক্ত ১২ টি আইডিয়া হতে ২০১৮- ১৯ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার জন্য তৃতী আইডিয়া বাছাই করা হয়।	বাছাইকৃত ০৩ টি আইডিয়া ওয়েবসাইটে প্রকাশ এবং a2i পরিচালিত আইডিয়া ব্যাংকে ( <a href="http://ideabank.gov.bd">ideabank.gov.bd</a> ) জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল
৩	“সহজে বিল প্রাপ্তি” আইডিয়াটি দ্রুত চালুকরণ	আরপিসিএল এর উপ- বিভাগীয় প্রকৌশলী জনাব শহীদুল ইসলাম এর উদ্ভাবিত “সহজে বিল প্রাপ্তি” আইডিয়াটি আরপিসিএল সদর দপ্তর ও আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র সমূহে দ্রুত চালুর বিষয়ে আলোচনা হয়।	আইডিয়াটি পূর্ণাংগ ও কার্যকরীভাবে চালু করার লক্ষ্যে আরপিসিএল ও বিভিন্ন সরবারহকারী/সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে দ্রুত চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়।	শহীদুল ইসলাম, উপ- বিভাগীয় প্রকৌশলী, আরপিসিএল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৮/২০১৮  
(মোঃ সেলিম ভুঁইয়া)

ইনোভেশন অফিসার  
ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)  
রহমান পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নং: ২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩.প/ন

তারিখ: ৩০/০৮/২০১৮ ইং

#### সংযুক্তি :

- আরপিসিএল এর ইনোভেশন কমিটির ২০১৮- ১৯ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা।

#### অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

- সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
- উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখন মন্ত্রণালয়, ঢাকা।
- ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
- প্ল্যাট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
- অফিস কপি।

#### বিতরণ (সদয় কার্যার্থে) :

- শহীদুল ইসলাম, উপ- বিভাগীয় প্রকৌশলী, আরপিসিএল, ঢাকা। আলোচ্যসূচী-৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা এহন নিবেন
- সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১,২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা এহন, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই- মেইলে প্রর্ণের ব্যবস্থা নিবেন )